# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 07.09.2024 Time: 7.35A.M**

বিশেষ বিশেষ খবর –

১) টেকনিক্যাল রিপোর্ট পাওয়ার পর রাজ্যপাল বিধানসভায় পাশ হওয়া অপরাজিতা বিল রাষ্ট্রপতির কাছে পাঠিয়ে দিয়েছেন।

২) আর জি কর হাসাপাতালে ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত সঞ্জয় রায়কে ১৪ দিনের জেল হেফাজেত পাঠানো হয়েছে। ঘটনার প্রতিবাদে আজও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে আন্দোলন কর্মসূচীর ডাক দেওয়া হয়েছে।

৩) ফের একবার বিনা চিকিৎসায় রোগী মৃত্যুর অভিযোগ তুলে জুনিয়ার ডাক্তারদের পরিষেবা শুরু করার আহ্বান জানিয়েছেন, তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক।

৪) ব্যবসা বাড়াতে রাজ্য খাদি শিল্প পর্ষদ ছোটদের পোশাক বাজারে আনতে চলেছে।

৫) আজ গণেশ চতুর্থী। সর্বত্র চলছে  সমৃদ্ধি ও সৌভাগ্যের দেবতা সিদ্ধিদাতার পুজোর আয়োজন।

---

রাজ্য সরকারের কাছ থেকে টেকনিক্যাল রিপোর্ট পাওয়ার পর রাজ্যপাল সি ভি আনন্দ বোস, বিধানসভায় পাশ হওয়া অপরাজিতা বিল রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে

পাঠিয়ে দিয়েছেন। গতরাতে রাজভবনের তরফ থেকে জারি করা এক বিবৃতিতে এখবর জানিয়ে বলা হয়েছে, তাড়াহুড়ো করে বানাতে গিয়ে বিলে অসংখ্য ত্রুটি রয়ে গেছে। সেগুলি চিহ্নিত করেই রাষ্ট্রপতির কাছে পাঠিয়েছেন রাজ্যপাল।

উল্লেখ্য, গত মঙ্গলবার বিধানসভায় ধর্ষণ বিরোধী এই অপরাজিতা বিল পাস হয়। এরপর তা নিয়ম অনুযায়ী পাঠানো হয় রাজভবনে। বিলের সঙ্গে প্রয়োজনীয় টেকনিকাল রিপোর্ট না থাকায় তাতে সম্মতি দিতে পারছিলেন না শ্রী বোস। বিল সংক্রান্ত তথ্য প্রদানে বিধানসভার সচিবালয়ের ব্যর্থতায় বিরক্তি প্রকাশ করেছেন তিনি। রাজ্যপাল এও জানিয়েছেন, বিলটি কার্যকর না হওয়া পর্যন্ত জনগণ বিচারের অপেক্ষা করতে পারেন না। তাই বিদ্যমান আইনের কাঠামোর মধ্যে দিয়েই ন্যায়বিচার দিতে হবে।

আর জি কর হাসপাতালের প্রসঙ্গ উত্থাপন করে তিনি বলেন, নির্যাতিতার মায়ের কন্যা সন্তান হারানোর দুঃখ মেটানোর দায়িত্ব রাজ্য সরকারেরই।

----------------------

আর জি কর হাসপাতালে আর্থিক দুর্নীতির মামলায় তাঁর মতামত না নিয়েই সিবিআইয়ের হাতে তদন্তভার হস্তান্তর করা হয়েছে বলে হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ শীর্ষ আদালতে যে আবেদন জানিয়েছিলেন, সুপ্রীম কোর্ট তাতে কোনো সাড়া দেয়নি।

প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন বেঞ্চ জানিয়েছে, বিষয়টি নিয়ে সর্বোচ্চ আদালতের সামনে হাজির হওয়ার কোনো অধিকারই সন্দীপ ঘোষের নেই। কারণ এই মামলায় তিনিই অভিযুক্ত এবং ইতিমধ্যেই সিবিআই তাঁকে গ্রেপ্তার করেছে।

গোটা তদন্ত প্রক্রিয়া যখন কলকাতা হাইকোর্টের নজরদারীতে হচ্ছে, তখন এই আবেদনের কোনো সারবত্তা নেই।

সন্দীপ ঘোষের অ্যাটর্নি মীনাক্ষী আরোরা আদালতে সওয়াল করেন, আবেদনে আর্থিক দুর্নীতিতে সিবিআই তদন্ত নিয়ে চ্যালেঞ্জ জানানো হয়নি, বরং এর সঙ্গে হাসপাতালে কর্তব্যরত অবস্থায় চিকিৎসকের ধর্ষন ও খুনের যোগ থাকা নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। এর প্রেক্ষিতে প্রধান বিচারপতির সঙ্গেই বিচারপতি জে বি পার্দিওয়ালা এবং মনোজ মিশ্র জানান, দুটি বিষয়ই তদন্তসাপেক্ষ।

সুপ্রিম কোর্টের পর্যবেক্ষন সম্বন্ধে কংগ্রেস নেতা অধীর চৌধুরী বলেন,

বাইট

-----------------------

আর জি কর হাসপাতালে আর্থিক দুর্নীতির তদন্তে গিয়ে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট ইডি গতকাল হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের ব্যক্তিগত সহায়ক প্রসূন চট্টোপাধ্যা.কে আটক করেছে। সুভাষ গ্রামে তার বাড়ি থেকে প্রসূনকে নিজেদের হেফাজতে নেয় ইডি।

এদিকে গতকাল সংস্থার আধিকারিকরা সন্দীপ ঘোষণের সঙ্গে সম্পর্কযুক্ত মোট ১২ টি জায়গায় ১০ ঘন্টারও বেশি সময় ধরে তল্লাশি চলে। হাওড়ায় কৌশিক কোলের বাড়ি এবে সল্টলেকের ব্যবসায়ী স্বপন সাহার থেকে প্রচুর নথিপত্র উদ্ধার করা হয়। প্রসূনকে ক্যানিং-এ সন্দীপের বিলাসবহুল বাগান বাড়িতে নিয়ে গিয়ে বেশ কিছুক্ষণ জেরা করা হয়। চন্দননগরে তার শ্বশুর বাড়িতেও চলে তল্লাশি। এরা প্রত্যে্কই সন্দীপের সঙ্গে লেনদেনে যুক্ত বা ঘনিষ্ঠ বলে পরিচিত।

অন্যদিকে, চিকিৎসককে ধর্ষণ ও হত্যার ঘটনায় ধৃত সঞ্জয় রায়কে গতকাল শিয়ালদা আদালতে ভার্চুয়ালি পেশ করা করা হয়। কিন্তু সিবিআইয়ের কোনো আইনজীবী বা তদন্তকারী অফিসার সময় মত হাজিরা দেন নি বলে অভিযোগ। এই নিয়ে বিচারক বিরক্তিও প্রকাশ করেন। ধৃতের আইনজীবী আদালতে সিবিআই তদন্তের দীর্ঘসূত্রিতা নিয়ে প্রশ্ন তুলে সঞ্জয়ের জামিনের আবেদন জানান। বিচারক অবশ্য সেই আর্জি খারিজ করে তাকে ১৪ দিনের জেল হেফাজতে পাঠিয়েছে।

-----------------------

আর জি করে ধর্ষণ ও হত্যার বিচার চেয়ে বিভিন্ন মহলে আন্দোলন সংগঠিত হচ্ছে। পথে রয়েছে বিরোধী রাজনৈতিক দলও।

বিজেপি আগামী ১৬ তারিখ পর্যন্ত ধর্মতলায় ধর্নার পাশাপাশি প্রতিটি গ্রাম পঞ্চায়েতে পথসভা করবে। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, আরজিকরের এই ঘটনা এবং সরকারের ভূমিকা ও পুলিশকে নিয়ে মিথ্যাচারের বিষয়টি রাজ্যের প্রতিটি প্রান্তিক মানুষের কাছে তুলে ধরতে এই কর্মসূচি নেওয়া হয়েছে।

বাইট

যদিও তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ ফের একবার আন্দোলনকে রাজনৈতিক ফাঁদ বলে উল্লেখ করেছেন।

বাইট

-----------------------

অন্যদিকে, তিলোত্তমার বিচারের দাবিতে বিশ্ব হিন্দু পরিষদের দুর্গা বাহিনীর পক্ষ থেকে আজ শ্যামবাজার ৫ মাথার মোড় ও ওয়েলিংটনের মধ্যে কলকাতা চলো মিছিলের ডাক দেওয়া হয়েছে। গোলপার্ক থেকেও আজ বিকেল ৫ টায় এক মিছিলে টালা থানার অসুস্থ ওসির সঙ্গে দেখা করতে যাওয়ার কর্মসূচী নেওয়া হয়েছে।

আর জি কর কান্ডে বিচারের দাবীতে ডাক্তাররা নানা কর্মসূচির কথা ঘোষণা করেছেন। আগামীকাল বিকাল ৩টে নীলরতন সরকার মেডিকেল কলেজ থেকে ধর্মতলা পর্যন্ত মহা মিছিলের ডাক দিয়েছে জয়েন্ট প্লাটফর্ম অফ ডক্টরস, ওয়েস্ট বেঙ্গল।

কুমোরটুলির মৃৎশিল্পীরাও রবিবার পথে নামতে চলেছেন। কুমোরটুলি আর্ট গ্যালারির সামনে থেকে শ্যামবাজার পর্যন্ত তারা মিছিল করবেন। কুমোরটুলি দিচ্ছে হাক, আমার দুর্গা বিচার পাক, সমাজমাধ্যমে ইতোমধ্যেই ছড়িয়ে দেওয়া হয়েছে।

দক্ষিণ কলকাতার বিভিন্ন স্কুলের প্রাক্তনীরা ৮ তারিখ বিকেলে গড়িয়াহাট থেকে রাসবিহারী পর্যন্ত এক প্রতিবাদ মিছিলের ডাক দিয়েছেন।

অভয়ার বিচারের দাবিতে রবিবার সারা বিশ্বের একশো টি শহরেও প্রতিবাদ কর্মসূচী পালিত হবে। স্থানীয় সময় বিকেল পাঁচটায় বিশ্ব জুড়ে উঠেছে ঝড়, জাস্টিস ফর আর জি কর শীর্ষক এই কর্মসূচীতে অংশ নেবেন মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রিটেন, আয়ারল্যান্ড, কানাডা, জাম্বিয়া, দক্ষিণ আফ্রিকা, জামার্নী, অস্ট্রেলিয়া সহ বিভিন্ন দেশে বসবাসকারীরা।

-----------------------

এই ঘটনার প্রতিবাদে সামিল হওয়ার জন্য হাওড়ার আমতার মৃত ছাত্র নেতা আনিসের বাবা সালেম খান হাইকোর্টের দ্বারস্থ হন। শ্যামবাজারে ধর্ণায় বসার আবেদন

জানান তিনি। বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের বেঞ্চ সেই আবেদন মঞ্জুর করে জানিয়েছেন, দুপুর ২ টো থেকে রাত ৯ টা পর্যন্ত ধর্ণায় বসতে পারবেন তিনি। তবে তিনশো জনের বেশি জমায়েত করা যাবেনা।

---------------------

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন বা সিবিসি গতকাল কলকাতায় "কর্মক্ষেত্রে যৌন হয়রানি" বিষয়ে এক সচেতনতামূলক কর্মশালার আয়োজন করে।

কর্মশালায় বিশিষ্ট মনোবিজ্ঞানী অনুত্তমা বন্দ্যোপাধ্যায় আমাদের দৈনন্দিন জীবনে যৌন হয়রানি এবং তার মনস্তাত্ত্বিক দিক নিয়ে আলোচনা করেন। সাংবাদিক স্বাতী ভট্টাচার্য বলেন,কর্মক্ষেত্রে বিশেষ করে অসংগঠিত ক্ষেত্রে যৌন হয়রানির অর্থ মহিলাদের কাজের ক্ষেত্র থেকে বঞ্চিত করা। এই ধরনের হয়রানি নারীদের মৌলিক অধিকার, মর্যাদার সঙ্গে বাঁচা এবং উপার্জনের অধিকার কেড়ে নেওয়ার চক্রান্ত স্বরূপ।

রাজ্য মহিলা কমিশনের প্রাক্তন ভাইস চেয়ারপার্সন ভারতী মুৎসুদ্দি মহিলাদের যৌন হয়রানির বিরুদ্ধে আইনি দিকগুলি তুলে ধরেন। তিনি জানান,আইন থাকলেও সেই আইন সম্পর্কে প্রত্যেকটি মহিলাকে সচেতন করা বিশেষ প্রয়োজন।

সিবিসির অধিকর্তা পার্থ ঘোষ অনুষ্ঠানে সামাজিক গুরুত্বের বিভিন্ন বিষয়ে মানুষের মধ্যে সচেতনতা তৈরিতে সিবিসির ভূমিকা নিয়ে আলোচনা করেন। বিভিন্ন স্কুল, কলেজের শিক্ষার্থী ও শিক্ষকরা কর্মশালায় অংশগ্রহণ করেন।

---------------------

জুনিয়ার ডাক্তারদের আন্দোলনের জেরে ফের একবার বিনা চিকিৎসায় রোগী মৃত্যুর অভিযোগ তুলে তাদের চিকিৎসা পরিষেবা শুরু করার আহ্বান জানিয়েছেন, তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। জানা গেছে, হুগলীর কোন্নগরে বেঙ্গল ফাইন মোড়ের কাছে গতকাল ভোরে ডাম্পারের ধাক্কায় এক যুবক গুরুতর আহত হন। বিবেকনগরের বাসিন্দা বিক্রম ভট্টাচার্য্যকে শ্রীরামপুরের ওয়ালস হাসপাতাল থেকে আর জি করে স্থানান্তরিত করা হলেও সেখানে ঘন্টা তিনেক বিনা চিকিৎসায় তিনি পড়েছিলেন বলে অভিযোগ। সেখানেই বিবেকের মৃত্যু হয়। এরপরই নিজের এক্স হ্যান্ডেলে অভিষেক ঘটনার কথা উল্লেখ করে বলেন, অবহেলার কারণে মৃত্যু হলে তা অপরাধযোগ্য হত্যাকন্ডের সামিল। প্রতিবাদ যদি করতেই হয় তবে তা গঠনমূলকভাবে করা উচিত। আর জি করের ঘটনায় নিয়ে জুনিয়ার ডাক্তারদের প্রতিবাদকে সমর্থন জানিয়ে তিনি বলেন, আন্দোলনের কারণে যাতে কোনো প্রাণের যুঁকি না হয়, তা বিবেচনা করা প্রয়োজন।

এদিকে, অভিষেকের এই পোস্টের পর সাংবাদিক বৈঠক করে জুনিয়ার ডাক্তাররা জানিয়েছেন, পরিষেবা নিয়ে রোগীদের মধ্যে মিথ্য প্রচার করে আন্দোলন ভেঙে দেওয়ার ঘৃণ্য প্রচেষ্টা চালানো হচ্ছে।

----------------------

কোচবিহারে এক কলেজ ছাত্রীকে গণধর্ষণের মামলায় দোষী সাব্যস্ত তিন যুবককে ২৫ বছরের কারাদন্ড দিয়েছে জেলা আদালত।

উল্লেখ্য, ২০২১ এর ডিসেম্বরে ঐ ছাত্রীকে কলেজে যাওয়ার পথে গণধর্ষণ করা হয়। ঘটনার ভিডিও তুলে, তা ভাইরাল করে দেওয়ার হুমকিও দেয় দুষ্কৃতীরা।

শীতলকুচি থানায় অভিযোগ দায়ের হলে জামিল নামে মূল অভিযুক্ত ও তার দুই সঙ্গীকে পুলিশ গ্রেপ্তার করে। এতদিন এই মামলার বিচার চলাকালীন ধৃতরা জেল হেফাজতে ছিল।

-----------------------

ব্যবসা বাড়াতে রাজ্য খাদি শিল্প পর্ষদ এবার উৎসবের মরশুমের আগে ছোটদের পোশাক বাজারে আনতে চলেছে। সদ্যজাত থেকে ৬-৭ বছর বয়স পর্যন্ত শিশুদের পোশাক তৈরি করার উদ্যোগ নেওয়া হয়েছে। উত্তর ২৪ পরগনার অশোক নগর এবং নদিয়ার বেথুয়া ডহরির কারখানায় এই পোশাক তৈরি করা হবে। রাজ্য খাদি শিল্প পর্ষদের চেয়ারম্যান কল্লোল খাঁ বলেন, খাদির পোশাক বয়স্কদের পাশাপাশি তরুণ প্রজন্মের মধ্যেও বিপুল জনপ্রিয়তা পেয়েছে। শিশুরাও যাতে খাদি পোশাকের আরাম থেকে বঞ্চিত না হন সে কারণেই এই উদ্যোগ নেওয়া হচ্ছে। পুজোর আগেই কলকাতার আটটি খাদি ভাণ্ডার থেকে শিশুদের পোশাক মিলবে বলে তিনি জানিয়েছেন।

এর পাশাপাশি খাদি পোশাকের জনপ্রিয়তা বাড়াতে খাদি পর্ষদ, জেলায় জেলায় মেলা আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে। চলতি মাসেই এধরনের প্রথম মেলাটি আয়োজন করা হবে নদিয়ার কৃষ্ণনগরে। দ্বিতীয়টি হবে দক্ষিণ ২৪ পরগনার বজবজে। ডিসেম্বর মাসে কলকাতায় যোধপুর পার্কে একই ধরনের খাদি মেলার হবে বলে পর্ষদের তরফে জানানো হয়েছে। এভাবে মোট ১৫ টি জেলায় খাদিমেলার আয়োজন করা হবে।

-----------------------

আজ গণেশ চতুর্থী। সারা দেশের সঙ্গে এরাজ্যেও সমৃদ্ধি ও সৌভাগ্যের দেবতা সিদ্ধিদাতার পুজোর আয়োজন করা হয়েছে। পারিবারিক পুজোর পাশাপাশি চলছে বারোয়ারি পুজোর আয়োজন। আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে মন্ডপগুলি।

---------------------

মধ্য ও সংলগ্ন উত্তর বঙ্গোপসাগরের ওপর একটি নিম্নচাপ অঞ্চলের সৃষ্টি হয়েছে। এটি আরও উত্তর দিকে অগ্রসর হয়ে সোমবার ৯ ই সেপ্টেম্বর সকাল নাগাদ উত্তর পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর গভীর নিম্নচাপের রূপ নিতে চলেছে। তার পরবর্তী তিন-চার দিনে সেটি আরও পশ্চিম-উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে উত্তর ওড়িশা ও ঝাড়খন্ডের দিকে সরে যাবে। এই নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ৯ ও ১০ই সেপ্টেম্বর বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে। আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, ঐ দুদিনই পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, দুই ২৪ পরগণা এবং ঝাড়গ্রাম জেলায় ভারি বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে। বাকি জেলাগুলিতে হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হবে।

উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৪০ থেকে ৬০ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়া হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের ৮ থেকে ১০ই সেপ্টেম্বর পর্যন্ত সাগরে পারি না দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। যারা ইতোমধ্যেই গভীর সমুদ্রে রয়েছেন তাদেরও বলা হয়েছে, ৮ তারিখের মধ্যেই ফিরে আসতে।

--------------------- ---------------------